# সবুজের অভিযান প্রকাশিত পরিবেশ সম্পর্কিত বই-এর সম্ভার

১। দ্য ইগনোরড এনভায়রনমেন্ট : উপেক্ষিত পরিবেশ - বিশ্বজিৎ মুখার্জি ও ডঃ নন্দিনী চক্রবর্তী । দূষণজাত প্রাকৃতিক পরিবেশের বিপন্নতা, মানুষের শরীর ও মনের ওপর দূষণের প্রভাব, বিভিন্ন প্রকার পরিবেশ বিধি এই বইয়ের প্রধান আলোচ্য বিষয় ।

২। ধূসর বসুধা - বিশ্বজিৎ মুখোপাধ্যায় ও রাহুল রায় । সম্পাদনা - ডঃ সব্যসাচী চট্টোপাধ্যায় । পরিবেশ ভাবনা উদ্রেককারী ৩৪টি মননশীল এক প্রবন্ধ সংকলন । পৃথিবীর কিছু লোভী মানুষের হাতে প্রকৃতি আজ কীভাবে ধ্বংসের মুখোমুখি এসে দাঁড়িয়েছে এবং এই বিপদে আমরা কী করতে পারি, পরিবেশ আইনগুলিই বা একাজে আমাদের কী সাহায্য করতে পারে - এমন সব কথাই এই বইতে জানিয়েছেন লেখকদ্বয়।

৩। পরিবেশ - সম্পাদক : সূর্য মুখোপাধ্যায় । ১৪ জন বিশিষ্ট মানুষের পরিবেশ নিয়ে গভীর ভাবনার এক সংকলন । পরিবেশের নানান দিক এতে আলোচিত হয়েছে । ছাত্রছাত্রীদের জন্য বইটি খুবই উপযুক্ত ।

৪। এনভায়রনমেন্টাল অ্যাওয়েকেনিং - সম্পাদক : বিশ্বজিৎ মুখোপাধ্যায় ও রাহুল রায়। ২০ জন বিশিষ্ট মানুষের পরিবেশ নিয়ে অত্যন্ত গভীর চিন্তার ফসল এই বই। লেখকদের মধ্যে রয়েছেন অধ্যাপক ডঃ দেবকুমার বসু, অধ্যাপক ডঃ সত্যেশ চন্দ্র চক্রবর্তী, অধ্যাপক ডঃ প্রবুদ্ধ নাথ রায়, শ্রী সমর বাগচী, শ্রী বিশ্বজিৎ মুখোপাধ্যায়, ডঃ কল্যাণ রুদ্র, ডঃ শুভাশিস মুখোপাধ্যায় প্রমুখ । বইটির মূল আলোচ্য বিষয় 'সংরক্ষন সহ উন্নয়ন' ।

৫। এত আঁধার কেন - বিশ্বজিৎ মুখোপাধ্যায় । পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দপ্তরের মুখ্য আইনাধিকারিক সুদীর্ঘ পেশায় আমাদের চারিদিকে প্রকৃতি ও মানুষের যে বিপন্নতা দেখেছেন তাতে বিচলিত হয়েছেন । আন্তরিক ভাবেই চেয়েছেন পেশাগত উদ্যোগ নিয়ে এই বিপন্নতা কাটাতে । কখনও পেরেছেন । অনেক সময়ই না পারার অসহায়তা তাঁকে করেছে বেদনাবিদ্ধ । আর এই বেদনা আমাদের জানাতে হাতে নিয়েছেন কলম । ২৬টি মরমি গদ্যে ব্যক্ত করেছেন প্রকৃতি-মানুষের সম্পর্কের নানান দিক ।

৬। প্রসঙ্গ : যুদ্ধ ও পরিবেশ - সংকলন ও সম্পাদনা : বিশ্বজিৎ মুখোপাধ্যায়। যুদ্ধের ফলে কীভাবে মানুষের পাশাপাশি পরিবেশেরও প্রাণ যায়, যুদ্ধনীতি কী ও কেন, যুদ্ধের কি কোন অর্থনীতি আছে, যুদ্ধে পরিবেশ ধ্বংসের মাসুল গোনে কে বা কারা - এমন সব চিন্তারই সমাবেশ ঘটেছে এই বইতে । দশ জন বিশিষ্ট মানুষের রচনায় সমৃদ্ধ এই সংকলন।

৭। প্রসঙ্গ : মানবাধিকার ও পরিবেশ - সংকলন ও সম্পাদনা : বিশ্বজিৎ মুখোপাধ্যায়। পরিবেশ আজ এক বহু আলোচিত বিষয় । মানুষের সুস্থভাবে বেঁচে থাকতে গেলে নির্মল পরিবেশের প্রয়োজন আছে তা সে প্রাকৃতিক বা সামাজিক যাই হোক না কেন । সুস্থ পরিবেশে বাঁচার দাবি মানুষের এক অধিকার । আর এই অধিকারের ভিত্তিতেই গড়ে উঠেছে নানান পরিবেশ আন্দোলন । নয়টি এমন ভাবনাই সংকলিত হয়েছে এই বইতে ।

৮। জলবায়ু পরিবর্তন - এক অশনি সংকেত - সম্পাদনা : ড : বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়। উষ্ণায়নের জন্য পৃথিবীর নানান অঞ্চলে দেখা দিয়েছে জলবায়ু পরিবর্তন । এ ঘটনা নিয়ে আজ আর কারো মনে সন্দেহ নেই । ইউনাইটেড নেসনস্ এনভায়রনমেন্ট প্রোগ্রামের তরফ থেকেও নানান পরিবেশ বার্তার মাধ্যমে এ বিষয়ে মানুষকে বার বার সতর্ক করা হচ্ছে । বস্তুতঃ, বর্তমান পৃথিবীর এক অন্যতম সংকট উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তন । কিন্তু উষ্ণায়ন ঠেকাতে এখনো আমরা মতৈক্যে আসতে পারলাম না । উপরন্তু শুরু হয়ে গেল উষ্ণায়ন নিয়ে ব্যবসা । এমন সবই কাহিনি সংকলিত হয়েছে এই বইতে। লিখেছেন এগারো জন বিশিষ্ট পরিবেশ প্রাবন্ধিক।